

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
পুলিশ-৩ শাখা
www.mhpsd.gov.bd



নম্বর-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১০.১৬-

তারিখ: ১১ চৈত্র ১৪২৭
২৫ মার্চ ২০২১

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ (এসবি)'র সাংগঠনিক কাঠামোতে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ৪২০টি পদের মেয়াদ সংরক্ষণ।


মহোদয়,

নির্দেশিত হয়ে এ মন্ত্রণালয়ের সরকারি আদেশ নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১০.১৬-৬৪৬, তারিখ : ১৯/১২/২০১৬ মূলে বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ (এসবি)'র সাংগঠনিক কাঠামোতে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ৪২০টি পদের মেয়াদ এ বিভাগের সরকারি আদেশ নম্বর ৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১০.১৬-৫৬২, তারিখ: ১৮/১১/২০১৮ এর ধারাবাহিকতায় ০১/০৬/২০২০ হতে ৩১/০৫/২০২১ তারিখ পর্যন্ত সংরক্ষণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। পদসমূহের বিবরণ নিম্নরূপ :

ক্রমিক নং	পদের নাম	পদসংখ্যা	বেতন স্কেল
১.	ইন্সপেক্টর	২০টি	২২০০০-৫৩০৬০/-
২.	এসআই (নিরস্ত্র)	১০০টি	১৬০০০-৩৮৬৪০/-
৩.	এএসআই (নিরস্ত্র)	৩০০টি	১০২০০-২৪৬৮০/-
মোট =		৪২০টি	

- এ সংক্রান্ত ব্যয় পুলিশ অধিদপ্তরের বাজেটে সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করতে হবে। অতিরিক্ত কোন অর্থ বরাদ্দ দেয়া হবে না।
- পদসমূহ স্থায়ীকরণের প্রস্তাব প্রেরণ করতে হবে।
- সাংগঠনিক কাঠামোতে প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করতে হবে;
- এতে ২৮/১২/২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬১.২৮.০৪৫.১৫-১৯৮ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ও ২৪/০২/২০২১ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০৩২.১১-৯২ নং স্মারকে অর্থ বিভাগের সম্মতি ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


আপনার বিশৃঙ্খল,


তাহমিনা বেগম
উপসচিব

নম্বর-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১০.১৬-

তারিখ: ১১ চৈত্র ১৪২৭
২৫ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাঙ্কনপূর্বক অবহিত করার জন্য অর্থ বিভাগের সিনিয়র সহকারী সচিব, ব্যয় ব্যবস্থাপনা-৫ শাখা এর নিকট প্রেরণ করা হলো।


তাহমিনা বেগম
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৪৫

চলমান পাতা # ২

পাতা-২

নং-

তাং-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।


সিনিয়র সহকারী সচিব (ব্যয় ব্যবস্থাপনা-৫ শাখা)
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

নম্বর-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১০.১৬-

তারিখ: ১১ চৈত্র ১৪২৭
২৫ মার্চ ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


তাহমিনা বেগম
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৪৫
police3@mhapsd.gov.bd